

বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর ত্রৈমাসিক (জুলাই হতে সেপ্টেম্বর ২০২২) সভার কার্যবিবরণী।

সভাপতি	ড. আলী মুহম্মদ ওমর ফারুক পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	২২ সেপ্টেম্বর ২০২২
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	পরিচালক (প্রশাসন ও অর্থ) এর অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরে ২০২২-২৩ অর্থবছরের ১ম কোয়ার্টার এ সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্ব প্রদান করা হয়। সভায় উপপরিচালক (পরিচালনা, আইসিটি) জনাব খায়রুল আলম সুমন এ অর্থবছরে অনুষ্ঠিত পুনর্গঠিত পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত এবং স্টেকহোল্ডারগণের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে আলোচনা করেন এবং সিটিজেন চার্টারের ২.২ এর ৩ অনুচ্ছেদে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা জনাব মোহাঃ অলিউল্লাহ মিয়া এন.সি.সি, পরিচালক (পরিচালনা, আইসিটি) ঐর বদলিজনিত কারণে বদলী হলে ড. আলী মুহম্মদ ওমর ফারুক, পরিচালক (কৃষি, পানি ও পরিবেশ) কে তাঁর স্থলাভিষিক্ত করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। তিনি আরও বলেন, সংশোধিত সিটিজেন চার্টার ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। বিস্তারিত আলোচনার পর সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত:

১। প্রতি তিন মাস অন্তর সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করতে হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. আলী মুহম্মদ ওমর ফারুক
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ৪২.০৪.০০০০.০০১.২২.০০৪.২২.২৮৮


তারিখ: ১১ আশ্বিন ১৪২৯

২৬ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
- ২) উপ-পরিচালক, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।

- ৩) সহকারী পরিচালক, পরিকল্পনা ও পরিবীক্ষণ শাখা , বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
- ৪) ডাটা এন্ট্রি অপারেটর, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)



মোঃ খায়রুল আলম সুমন
উপ-পরিচালক